: www.agranibank.org
: br2852@bangla.net

বিদ্যুতের অপচয় রোধ করুন
দেশের স্বার্থে সজাক থাকুন

Telephone: 02-7745737
Branch coad-285/2
সাভার, শাখা
সাভার, ঢাকা - ১৩৪০

# অগ্রণী ব্যাংক লিমিটেড
# Agrani Bank Limited

Savar Branch
Savar, Dhaka – 1340

তারিখঃ ২০-০২-২০২০ ইং

## প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব মোঃ লুৎফর রহমান খান, প্রদর্শক, জীব বিজ্ঞান বিভাগ, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা-১৩৪০ । তিনি অত্র শাখায় একটি সঞ্চয়ী হিসাব পরিচালনা করে আসছেন যার নম্বর- ১৬৭৫০-৪ (০২০০০০১৮০৮৭০১)। তিনি উক্ত প্রতিষ্ঠান হতে গত ১৬/০১/২০১০ ইং তারিখে পদত্যাগ করেন। উক্ত হিসাবে গত ১৭/০২/২০১০ ইং তারিখে জানুয়ারি/২০১০ ইং মাসের সরকারী অংশের বেতন বাবদ ১৪,১৭৮/= (চৌদ্দ হাজার একশত আটাত্তর টাকা মাত্র) জমা হয়েছে। এরপর উক্ত হিসাবে বেতন ভাতা বাবদ কোন অর্থ জমা হয় নাই।

আমরা তার সর্বাঙ্গীন মঙ্গল কামনা করি।

25/02/2020
KAZI MOHAMMAD ENAMUL HUG
SPO/Manager
Agrani Bank Limited
Savar Branch. Dhaka

সত্যায়িত
24/2/2020
মোঃ তৌহিদ হোসেন
অধ্যক্ষ
সাভার মডেল কলেজ
সাভার, ঢাকা।

৮৭১

# চালান ফরম

| ১ম (মূল) কপি | ২য় কপি | ৩য় কপি | ৪র্থ কপি |
|---|---|---|---|

টি,আর ফরম নং- ৬ (এস, আর ৩৭ দ্রষ্টব্য)

চালান নং.................................... তারিখ ....................................

বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকের ..........কুষ্টিয়া..........জেলার..........প্রধান..........শাখায় টাকা জমা দেওয়ার চালান

কোড নং ১ | ২২৬৬ | ০০০৫ | ০৬২১

| জমা প্রদানকারী কর্তৃক পূরণ করিতে হইবে | | | | টাকার অংক | | বিভাগের নাম এবং চালানের পৃষ্ঠাংকনকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর।* |
|---|---|---|---|---|---|---|
| যাহার মারফত প্রদত্ত হইল তাহার নাম ও ঠিকানা | যে ব্যক্তির/ প্রতিষ্ঠানের পক্ষ হইতে টাকা প্রদত্ত হইল তাহার নাম, পদবী ও ঠিকানা | কি বাবদ জমা দেওয়া হইল তাহার বিবরণ | মুদ্রা ও নোটের বিবরণ/ ড্রাফট, পে-অর্ডার ও চেকের বিবরণ | টাকা | পয়সা | |
| জেনাব মো: খলিলুর রহমান প্রাক্তন শিক্ষক কুষ্টিয়া হাই স্কুল, আড়ুয়া জেলা— কুষ্টিয়া- | MD: Khalilur Rahman<br>মোঃ খলিলুর রহমান<br>প্রধান শিক্ষক/সম্পাদক<br>কুষ্টিয়া হাই স্কুল, কুষ্টিয়া।<br>ইনডেক্স নং-২০৮৪২৯ | অভিট আপত্তি ২০১৬-২০১৪ থেকে ২০১৭-২০১৮ অর্থ বছরের সরকারি ভ্যাট বাবদ জমা- | | ৪৯,২৯০/- | | |
| | | | মোট টাকা- | ৪৯,২৯০/- | | |

টাকা (কথায়) উনপঞ্চাশ হাজার দুইশত নব্বই

টাকা পাওয়া গেল [illegible]

তারিখ ২৭.০৮.২০২০

ম্যানেজার
বাংলাদেশ ব্যাংক /সোনালী ব্যাংক

সোনালী ব্যাংক লিমিটেড কুষ্টিয়া শাখা
27 AUG 2020
নগদ জমা

Md. Mohiuddin
Senior Officer Cash
Sonali Bank Limited
Kushtia Branch, Kushtia

মোঃ আবু বকর
অফিসার

নোট ঃ ১। সংশ্লিষ্ট দপ্তরের সহিত যোগাযোগ করিয়া সঠিক কোড নম্বর জানিয়া লইবেন।
২। * যে সকল ক্ষেত্রে কর্মকর্তা কর্তৃক পৃষ্ঠাংকন প্রয়োজন, সে সকল ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

# সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (ভ্যাট সংক্রান্ত)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১. | **ভিকারুন্নেসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা** | ২০১৪-১৫ অগ্রিম অনুচ্ছেদ (AP)- 08 | **শিরোনাম:** বিভিন্ন ক্রয়/কেনাকাটা, সম্মানী গ্রহণ ও ইজারার বিপরীতে ভ্যাট আদায় না করায় সরকারের ৭৬,৯৩,৯০৬/- টাকা রাজস্ব ক্ষতি।<br><br>**বিবরণ:** SESIP প্রোগ্রামের আওতায় ৪টি বিভাগের ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৪-২০১৫ আর্থিক সালের হিসাব নিরীক্ষাকালে প্রাসঙ্গিক বিল/ভাউচার, রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের এস,আর,ও নং- ২০০-আইন/২০১০/৫৪৯-মূসক তাং- ১০/০৬/২০১০ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০৩/মূসক/২০১৪, তারিখ- ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক বিভিন্ন ক্রয়/কেনাকাটা, সম্মানী গ্রহণ ও ইজারার বিপরীতে ভ্যাট আদায় করার নিয়ম থাকা সত্ত্বেও স্থানীয় অফিস কর্তৃক তা পালন করা হয়নি। ফলে ভ্যাট বাবদ সরকারের ২,৪৪,২৫,৬৪৮/- টাকার রাজস্ব ক্ষতি হয়েছে।<br><br>**সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট আপত্তি-** ৭৬,৯৩,৯০৬/-।<br><br>সরকারি বাজেট হতে এমপিও গ্রহণকারী প্রতিষ্ঠানের জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা পরিপালন করার বাধ্যবাধকতা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছে। এবিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে প্রোগ্রাম ডাইরেক্টর কার্যালয় তথা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর বক্তব্য প্রয়োজন। | | | |

<u>**সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (এমপিও বন্ধ না করা সংক্রান্ত)**</u>

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **দোসাইড স্কুল এন্ড স্কুল, আশুলিয়া, ঢাকা** | ২০১৪-১৫ অগ্রিম অনুচ্ছেদ (AP)- 05 | **শিরোনাম:** চাকুরী হতে পদত্যাগ ও মৃত্যু হওয়া সত্ত্বেও এমপিও বন্ধ না করায় সরকারের বাজেট হতে অপ্রয়োজনীয় উত্তোলন ২৪,৬৪,০২৭/- টাকা।<br><br>**বিবরণ:** প্রোগ্রাম ডাইরেক্টর Secondary Education Sector Investment Program (SESIP) এর আওতায় ২০১৪-১৫ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে চারটি বিভাগের ৭০টি প্রতিষ্ঠানের এমপিও বরাদ্দ এবং বরাদ্দের বিপরীতে বিলের মাধ্যমে উত্তোলনকৃত অর্থের বিল/ভাউচার, রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত ব্যক্তিগণ দীর্ঘদিন পূর্বে চাকুরী হতে পদত্যাগ ও মৃত্যুবরণ করলেও তাদের নামের বিপরীতে এমপিও বরাদ্দ অব্যাহত আছে। প্রতিষ্ঠান কর্তৃক উক্ত টাকা উত্তোলন না করলেও মাউশি কর্তৃক অদ্যাবধি সংশ্লিষ্ট ব্যক্তিদের নামে এমপিও এর মাধ্যমে অর্থ ছাড় করায় উক্ত টাকা ব্যাংকে অলস মানি হিসেবে পড়ে থাকে যা পরোক্ষভাবে সরকারের বাজেট ও উন্নয়নমূলক কাজের উপর প্রভাব ফেলছে। | | | |

## সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (উৎসে আয়কর সংক্রান্ত)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তুসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **ভিকারুন্নেসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা** | ২০১৪-১৫ অগ্রিম অনুচ্ছেদ (AP)- 09 | **শিরোনাম:** ঠিকাদার/ সরবরাহকারীর নিকট হতে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের ১০,০৪,৫৮২/- টাকা রাজস্ব ক্ষতি।<br><br>**বিবরণ:** SESIP প্রোগ্রামের আওতায় ৪টি বিভাগের ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৪-২০১৫ আর্থিক সালের হিসাব নিরীক্ষাকালে প্রাসঙ্গিক বিল/ভাউচার, রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ঠিকাদার/সরবরাহকারীর নিকট হতে সরকার নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।<br><br>আয়কর অধ্যাদেশ ১৯৮৪ ও আয়কর বিধিমালা ১৯৮৪ এর ধারা ৫২, বিধি-১৬ মোতাবেক সেবা সরবরাহের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত হারে আয়কর কর্তন/আদায় পূর্বক সরকারি খাতে জমা দিতে হবে। জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং- ২৬২-আইন/আয়কর/২০১০, তারিখ- ০১/০৭/২০১০ খ্রিঃ মোতাবেক ঠিকাদারের পরিশোধিত পুঞ্জিভুত বিল হতে সরকার নির্ধারিত হারে আয়কর কর্তন করতে হবে। কিন্তু এখানে তা আদায় করা হয়নি।<br><br>সরকারি বাজেট হতে এমপিও গ্রহণকারী প্রতিষ্ঠানের জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা পরিপালন করার বাধ্যবাধকতা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছে। এবিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে প্রোগ্রাম ডাইরেক্টর কার্যালয় তথা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর বক্তব্য প্রয়োজন।<br><br>**সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট আপত্তি** ১০,০৪,৫৮২/- | | | |

## সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (রেকর্ডপত্র উপস্থাপন না করা)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তুসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **সামছুল হক খান স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা** | ২০১৫-১৬ অগ্রিম অনুচ্ছেদ (AP)-04 | **শিরোনামঃ** সংবিধিবদ্ধ নিরীক্ষায় নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র ও তথ্যাদি উপস্থাপন না করায় আদায় ও ব্যয় এবং সরকারি রাজস্ব ভ্যাট ও আয়কর জমার স্বচ্ছতা, জবাবদিহিতা ও সঠিকতা নিরূপণ করা সম্ভব হয়নি<br><br>**বিবরণঃ সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা।**<br><br>উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৫-২০১৬ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় এমপিও অংশের বেতন হিসাব বিবরণী ব্যতীত সরকারি আদেশ মোতাবেক অন্য কোন সরকারি/ পাবলিক/ ব্যক্তি/ সংস্থা/ প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত অর্থ আর্থিক সাহায্য, দান, অনুদান, বাজেট বরাদ্দ, বিভিন্ন সেকশন ভিত্তিক প্রকৃত মোট ছাত্র-ছাত্রীদের নিকট বিভিন্ন ফি'র অর্থ আদায় ও জমা এবং বিভিন্ন আয়-ব্যয়ের বেতন-ভাতাদি, সম্মানি গ্রহণ রাজস্ব জমা) নথি, রেজিষ্টার, বিল-ভাউচার হিসাব বিবরণী ইত্যাদি নিরীক্ষার চাহিদা থাকা সত্ত্বেও নিরীক্ষা চলাকালীন সময়ে নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র তথ্য প্রমাণাদি সংবিধিবদ্ধ নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি।<br><br>ফলে সরকারি বিধি-বিধান, শিক্ষা বোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক জারীকৃত আইন, বিধি, আদেশ-নির্দেশ যথাযথভাবে প্রতিপালন করতঃ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকৃত আদায়, রাজস্ব জমা, সরকারি ও বেসরকারি আয় এবং ব্যয়ের স্বচ্ছতা, জবাবদিহিতা ও সঠিকতা নিরূপণ করা সম্ভবপর হয়নি।<br><br>বাংলাদেশ সংবিধানের ১২৮ অনুচ্ছেদ মোতাবেক সিএন্ডএজি বা তাঁর প্রতিনিধি দ্বারা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত যে কোন ব্যক্তির দখলভূক্ত সকল নথি, বহি, রশিদ, দলিল, নগদ অর্থ, জমিন, ভান্ডার বা অন্য প্রকার সরকারি সম্পত্তি পরীক্ষার অধিকারী হইবে;<br><br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ওএম-২০জিএ/২০১৩/৯৬০২/৮ তারিখ ২৩/০২/২০১৭ - মোতাবেকও নিরীক্ষার চাহিদানুসারে সকল ডকুমেন্ট সরবরাহের নির্দেশনা ও সিদ্ধান্ত রয়েছে। এতদসত্বেও নিরীক্ষায় চাহিদানুযায়ী ডকুমেন্ট সরবরাহ না করা বাংলাদেশের সংবিধান, মন্ত্রী পরিষদ, পিএ কমিটি এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আদেশ লংঘন করা হয়েছে। | | | |

# সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (পিপিআর অমান্য করা সংক্রান্ত)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **নারায়ণগঞ্জ কলেজ, নারায়ণগঞ্জ** | ২০১৩-১৪ সাধারণ অনুচ্ছেদ (GP)-12 | **শিরোনামঃ** এমপিওভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ক্রয়নীতিমালা অনুসরণ না করা প্রসঙ্গে।<br><br>**বিবরণঃ** শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের Secondary Education Sector Investment Program (SESIP)- এর অধীনস্থ এমপিও-ভূক্ত স্কুল/মাদ্রাসা/কলেজ সমূহের ২০১৩-১৪ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় ক্যাশ বহি, বিল/ভাউচার ও অন্যান্য রেকর্ডত্রাদি পযালোচনায় পরিলক্ষিত হয় যে, বেসরকারি এমপিওভূক্ত প্রতিষ্ঠানগুলো বিভিন্ন উন্নয়নমূলক/পূর্ত কাজের ক্ষেত্রে কোন প্রকার ক্রয়নীতিমালা (পাবলিক প্রকিউরমেন্ট আইন ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা) অনুসরণ করে না, এমনকি তাদের নিজস্ব কোনো purchase manual নেই। উদাহরণস্বরুপঃ নারায়ণগঞ্জ কলেজ, সদর, নারায়ণগঞ্জ কার্যালয়ের পূর্ত কাজের বিল/ভাউচার পর্যবেক্ষণকালে লক্ষ্য করা যায় উক্ত সময়ে নিম্ন বর্ণিত ভাউচারের মাধ্যমে উন্নয়ন/পূর্ত কাজে ৮,১২,৪৭৩/- টাকা ব্যয় দেখানো হলেও উক্ত ব্যয়ের সমর্থনে পরিমাপ বহি সংরক্ষণ করা হয়নি এবং পিপিআর- ২০০৮ অনুযায়ী কোন দরপত্র আহ্বান করা হয়নি।<br>**সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট আপত্তি ৮,১২,৪৭৩/- টাকা।** | | | |

| ভাউচার নং ও তারিখ | বিবরণ | পরিশোধিত টাকা |
|---|---|---|
| ৩৩৩, ০৪/১২/২০১৩ | দ্বিতীয় তলার সাটার নির্মাণ | ১,০৩,৮৮৬.০০ |
| ৩৭২, ০৭/১২/২০১৩ | ১. ক্যান্টিনের সঙ্গে প্লাটফর্ম উন্নয়ন | ১,৭১,১৩৯.০০ |
| ” | ২. ক্যান্টিন নির্মাণ | ১,৮৭,৪৭২.০০ |
| ৩৭৪, ০৭/১২/২০১৩ | সিসি, রাস্তা নির্মাণ ও বাগান তৈরী | ১,৬৩,৫০২.০০ |
| ” | উন্নয়ন/বিএনসিসি’র গ্রীল বাউন্ডার তৈরী | ১,৮৬,৪৭৪.০০ |
| | মোট | ৮,১২,৪৭৩.০০ |

## সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (এমপিও-এর অব্যয়িত অর্থ ফেরত প্রদান না করা সংক্রান্ত)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **জালালপুর কলেজ, কোতয়ালি, সিলেট** | ২০১৪-১৫<br>সাধারণ অনুচ্ছেদ<br>(AP)-06 | **শিরোনাম:** এমপিও এর বিপরীতে বরাদ্দকৃত অর্থের মধ্যে অব্যয়িত ২৪২৭০১/- টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করা হয়নি।<br><br>**বিবরণ:** Secondary Education Sector Investment Program (SESIP)- এর আওতায় চারটি বিভাগের ৭০টি প্রতিষ্ঠানের ২০১৪-২০১৫ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে এমপিও বরাদ্দ এবং বরাদ্দের বিপরীতে বিলের মাধ্যমে উত্তোলনকৃত অর্থের বিল/ভাউচার, রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষক-কর্মচারীদের সরকারি অংশের বেতন ও বোনাস প্রদান করার পর ১,৮৬,৯৭,০৭১/- টাকা ব্যাংকে অব্যয়িত রয়েছে যা সংশ্লিষ্ট আর্থিক বছর অর্থাৎ ৩০ শে জুনের মধ্যে সমন্বয়/সরকারি কোষাগারে ফেরত প্রদানের নিয়ম থাকলেও আলোচ্য ক্ষেত্রে তা পরিপালন করা হয়নি।<br><br>**সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট আপত্তি ২৪২৭০১/- টাকা।** | | | |

# সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (এমপিও বন্ধ না করা- জাল সনদ)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তুসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **মোহনগঞ্জ ডিগ্রী কলেজ, নেত্রকোণা** | ২০১৫-১৬ অনুচ্ছেদ (AP-05) | **শিরোনামঃ** শিক্ষাগত সনদ জাল প্রমাণিত হওয়ায় স্বেচ্ছায় পদত্যাগ করা হলেও এমপিও বন্ধ না করায় উত্তোলিত এবং অনুত্তোলিত ২১,৮৭,৮৯৭/- টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয় নি।<br><br>**বিবরণঃ** অধ্যক্ষ, মোহনগঞ্জ ডিগ্রী কলেজ, নেত্রকোণা কার্যালয়ের ২০১৫-১৬ আর্থিক সনের এমপিও বরাদ্দ এবং বরাদ্দের বিপরীতে বিলের মাধ্যমে উত্তোলনকৃত অর্থের বিল-ভাউচার ও পরিদর্শন এবং নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, অধ্যক্ষ জনাব রাধেশ্যাম সরকারের ১৯৮৮ সালের ব্যাচেলর অব সায়েন্স (অনার্স) এবং ১৯৮৯ সালের মাষ্টার্স অব সায়েন্স (পদার্থ বিজ্ঞান) সনদ দুটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করে যাচাই করতঃ প্রমাণিত হয় যে, সনদ দুটি জাল বিধায় তিনি ২৫/০২/২০১৬ খ্রিঃ তারিখে স্বেচ্ছায় পদত্যাগ করেন এবং পরবর্তীতে গভর্ণিং বডির সভায় ইহা অনুমোদিত হয়। এমতাবস্থায় মার্চ/২০১২ হতে ফেব্রুয়ারি/২০১৬ পর্যন্ত গৃহীত বেতনের অংশ ও উৎসব ভাতা বাবদ মোট ১৪,০৭,৭৬২/- টাকা তাহার নিকট হতে আদায়যোগ্য। অন্য দিকে এমপিও বন্ধ না হওয়ায় মার্চ/২০১৬ হতে নিরীক্ষাকালীন সময়ের পূর্ব মাস অর্থাৎ ফেব্রুয়ারি /২০১৭ পর্যন্ত অনুত্তোলিত ৭,৮০,১৩৫/- টাকা একত্রে (১৪,০৭,৭৬২/- + ৭,৮০,১৩৫/-) = ২১,৮৭,৮৯৭/- টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য। | | | |

# সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (রেভিনিউ স্ট্যাম্প)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **হযরত শাহ আলী মহিলা কলেজ, ঢাকা** | ২০১৫-১৬, সাধারণ অনুচ্ছেদ (GP)-22 | **শিরোনামঃ** রেভিনিউ ষ্ট্যাম্প না লাগানোয় সরকার ২৪,১৯০/- টাকা রাজস্ব প্রাপ্তি থেকে বঞ্চিত।<br>**বিবরণঃ** অধ্যক্ষ, হযরত শাহআলী মহিলা কলেজ, ঢাকা কার্যালয়ের ২০১৫-১৬সনের হিসাব স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। বিভিন্ন খাতসমূহের খরচের বিধি বিধান ও ব্যয়ের হিসাব বিশ্লেষণ করে দেখা যায় যে, শিক্ষক ও কর্মচারীগণ ৮০০/- টাকার উপরে বেতন, সম্মানী ইত্যাদি গ্রহণকালে ১০/- টাকা মূল্যের রেভিনিউ ষ্ট্যাম্প লাগান নাই। ফলে সরকার ২৪,১৯০/- টাকা রাজস্ব প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছে।<br>**সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট আপত্তি ৩১,০০০/- টাকা।** | | | |

## সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিস্তারিত বিবরণ (জমি ইজারা-আয়কর সংক্রান্ত)

| ক্র. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিরীক্ষার সন ও অনুচ্ছেদ | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের আপত্তির শিরোনাম ও বিষয়বস্তসমূহ | প্রতিষ্ঠানের প্রধানের জবাব | মহাপরিচালক মহোদয়ের মন্তব্য | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **সলিম উদ্দীন চৌধুরী ডিগ্রি কলেজ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ** | ২০১৫-১৬, অগ্রিম অনুচ্ছেদ (AP)-20 | **শিরোনামঃ** বেসরকারি (এমপিওভুক্ত) শিক্ষা প্রতিষ্ঠানের ইজারা মূল্যের উপর আয়কর কর্তন না করায় সরকারের ১২,৫০০/- টাকা রাজস্ব ক্ষতি।<br><br>**ববরণঃ** SESIP নিরীক্ষা কর্মসূচীর আওতায় ০২টি বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৫-১৬ সনের হিসাব স্থানীয়ভাবে নিরীক্ষায় ইজারা সংক্রান্ত নথিপত্র যাচাইকালে দেখা যায় যে, নিরীক্ষিত সনে রুহিয়া ডিগ্রী কলেজ, ঠাকুরগাঁও এবং সিরাজগঞ্জ এম এল উচ্চ বিদ্যালয়ের আম ও লিচু বাগান, আবাদী জমি এবং পুকুর ইজারা প্রদান করা হলেও ইজারাদারের নিকট হতে সরকারের সার্কুলার অনুযায়ী ইজারা মূল্যের উপর ৫% হারে ভ্যাট কর্তন না করায় সরকারের ৬১,৭১৫/- টাকা রাজস্ব ক্ষতি।<br><br>জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং ০৩/মুসক/২০১৪ তারিখঃ ০৫/০৬/২০১৪ এর সেবার কোড এস ০০৩.০০ মোতাবেক ইজারাদারদের নিকট হতে ইজারামূল্যের উপর ৫% হারে আয়কর কর্তনযোগ্য।<br><br>**সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট আপত্তি ১২,৫০০/- টাকা** | | | |

# সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তি ও ব্রডশিট জবাবের নমুনা কপি (ভ্যাট সংক্রান্ত)

## চালান ফরম

টি, আর ফরম নং- ৬ (এস, আর ৩৭ দ্রষ্টব্য)

| ১ম (মূল) কপি | ২য় কপি | ৩য় কপি | ৪র্থ কপি |
|---|---|---|---|

চালান নং.................... তারিখ ....................

বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকের ........কুষ্টিয়া........ জেলার ........প্রধান........ শাখায় টাকা জমা দেওয়ার চালান

কোড নং ১ | ১ ১ ৩ ৩ | ০ ০ ০ ৫ | ০ ৩ ১ ১

| জমা প্রদানকারী কর্তৃক পূরণ করিতে হইবে | | | | টাকার অংক | | বিভাগের নাম এবং চালানের পৃষ্ঠাংকনকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর।* |
|---|---|---|---|---|---|---|
| যাহার মারফত প্রদত্ত হইল তাহার নাম ও ঠিকানা | যে ব্যক্তির/ প্রতিষ্ঠানের পক্ষ হইতে টাকা প্রদত্ত হইল তাহার নাম, পদবী ও ঠিকানা | কি বাবদ জমা দেওয়া হইল তাহার বিবরণ | মুদ্রা ও নোটের বিবরণ/ ড্রাফট, পে-অর্ডার ও চেকের বিবরণ | টাকা | পয়সা | |
| প্রেরক মো: খলিলুর রহমান প্রধান শিক্ষক কুষ্টিয়া হাই স্কুল, ডাকঘর জেলা — কুষ্টিয়া | Md: Khalilur Rahman<br>মোঃ খলিলুর রহমান<br>প্রধান শিক্ষক/সম্পাদক<br>কুষ্টিয়া হাই স্কুল, কুষ্টিয়া। | অডিট আপত্তি ২০১৬-২০১৭ থেকে ২০১৭-২০১৮ অর্থ বছরের সরকারি ভ্যাট বাবদ জমা | | ৪৭,২৭০/- | | |
| | | | মোট টাকা | ৪৭,২৭০/- | | |

টাকা (কথায়) ...

টাকা পাওয়া গেল ...

তারিখ ২৭.০৮.২০২০

ম্যানেজার
বাংলাদেশ ব্যাংক /সোনালী ব্যাংক

নোট : ১। সংশ্লিষ্ট দপ্তরের সহিত যোগাযোগ করিয়া সঠিক কোড নম্বর জানিয়া লইবেন।
২। * যেসকল ক্ষেত্রে কর্মকর্তা কর্তৃক পৃষ্ঠাংকন প্রয়োজন সেইসকল ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

নগদ জমা

# <u>সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তি ও ব্রডশিট জবাবের নমুনা কপি (ব্যাংকের প্রত্যয়নপত্র)</u>

www.agranibank.org
br2852@bangla.net

অগ্রণী ব্যাংক লিমিটেড
Agrani Bank Limited

Telephone: 02-7745737
Branch cord-285/2
সাভার, শাখা
সাভার, ঢাকা – ১৩৪০
Savar Branch
Savar, Dhaka – 1340

তারিখঃ ২০-০২-২০২০ ইং

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব মোঃ লুৎফর রহমান খান, প্রদর্শক, জীব বিজ্ঞান বিভাগ, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা ১৩৪০ । তিনি অত্র শাখায় একটি সঞ্চয়ী হিসাব পরিচালনা করে আসছেন যার নম্বর- ১৬৭৫০-৪ (০২০০০০১৯০৮৭০১) । তিনি উক্ত প্রতিষ্ঠান হতে গত ১৬/০১/২০১০ ইং তারিখে পদত্যাগ করেন। উক্ত হিসাবে গত ১৭/০২/২০১০ ইং তারিখে জানুয়ারি/২০১০ ইং মাসের সরকারী অংশের বেতন বাবদ ১৪,১৭৮/= (চৌদ্দ হাজার একশত আটাত্তর টাকা ২৫) জমা হয়েছে। এরপর উক্ত হিসাবে বেতন ভাতা বাবদ কোন অর্থ জমা হয় নাই।

আমরা তার সর্বাঙ্গীন মঙ্গল কামনা করি।

২০/০২/২০২০
KAZI MOHAMMAD ENAMUL HUQ
SPO/Manager
Agrani Bank Limited
Savar Branch, Dhaka

সত্যায়িত
২৪/২/২০২০
মোঃ তৌহিদ হোসেন
অধ্যক্ষ
সাভার মডেল কলেজ
সাভার, ঢাকা।